শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড
SHAHJALAL FERTILIZER COMPANY LIMITED
(রাষ্ট্রপতির আদেশ ২৭, ১৯৭২ এর অধীনে গঠিত বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর একটি সরকারি মালিকানাধীন কোম্পানী)
পোষ্ট অফিস ঃ এফ, এফ, ফ্যাক্টরী ৩১১৭, ফেঞ্চুগঞ্জ উপজেলা, সিলেট, বাংলাদেশ।

২০১৯-২০২০ অর্থ বছরের

ক্রয় পরিকল্পনা

A Govt. owned Company of Bangladesh Chemical Industries Corporation under P.O. 27, 1972
Phone : 09601504116, Email: sfcl2016@gmail.com
P.O. :F.F. Factory 3117, Fenchugonj Upazila, Sylhet, Bangladesh.

শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

বিষয়ঃ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (এসএফসিএল) এর সমস্ত যন্ত্রাংশ/ইকুইপমেন্ট/ইন্সট্রুমেন্ট বৈদ্যুতিক মালামাল ইত্যাদি ক্রয় করার লক্ষ্যে **Annual Procurement Plan 2019-20 (APP)** তৈরীর নিমিত্তে বিসিআইসির দপ্তরাদেশ সূত্র নং : ৩৬.০১.২৬৫৪.৪৮৬.০৬.০০১.১৮/১৬৯ তারিখ ২৯-০৭-২০১৯খ্রি. মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদন।

১.০ ভূমিকাঃ

শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (এসএফসিএল) এর উৎপাদন প্রক্রিয়া সুষ্ঠুভাবে অব্যাহত রাখার লক্ষ্যে কারিগরি সমস্যা/ ত্রুটি মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ ইকুইপমেন্ট/ ইন্সট্রুমেন্ট ইত্যাদি ক্রয় করার উদ্দেশ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০১৯-২০ (Annual Procurement Plan 2019-20) (APP 2019-20) প্রণয়নের নিমিত্তে বিসিআইসির দপ্তরাদেশ সূত্র নং- ৩৬.০১.২৬৫৪. ৪৮৬.০৬.০০১.১৮/১৬৯ তারিখ ২৯-০৭-২০১৯খ্রি. মারফত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয় (দপ্তরাদেশ সংযুক্ত, সংযুক্তি-১):

ক্র: নং	নাম ও পদবী		
০১।	প্রকৌশলী গোপীনাথ বণিক পরিচালক (কারিগরি ও প্রকৌশল) বিসিআইসি, ঢাকা	:	আহবায়ক
০২।	অধ্যাপক ডঃ সৈয়দা সুলতানা রাজিয়া কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা	:	সদস্য
০৩।	প্রকৌশলী আরশাদ আলী আহমেদ প্রধান প্রকৌশলী (এমটিএস), বিসিআইসি	:	সদস্য
০৪।	প্রকৌশলী মোঃ মনিরুল হক ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল	:	সদস্য
০৫।	প্রকৌশলী মোঃ জারজিস আলী প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল	:	সদস্য
০৬।	জনাব মোঃ জিন্নাত আলী প্রাক্তন মহাব্যবস্থাপক , এএফসিসিএল।	:	সদস্য
০৭।	প্রকৌশলী সুনীল চন্দ্র দাস মহাব্যবস্থাপক (অপারেশন), এসএফসিএল	:	সদস্য
০৮।	প্রকৌশলী মোঃ জাহিদুল ইসলাম অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), এসএফসিএল	:	সদস্য-সচিব
০৯।	প্রকৌশলী কাজল কুমার দেবনাথ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ)	:	সদস্য
১০।	প্রকৌশলী মোঃ রবিউল ইসলাম প্রাং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ কম্বাইন্ড সার্কেল বিদ্যুৎ কেন্দ্র, ফেঞ্চুগঞ্জ, সিলেট	:	সদস্য

কার্যপরিধিঃ

(১) সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য এসএফসিএল কারখানার Annual Procurement Plan প্রণয়ন।
(২) Annual Procurement Plan সংশ্লিষ্ট কারখানার কোম্পানী বোর্ডের সুপারিশ বিসিআইসি বোর্ডে অনুমোদনের জন্য উপস্থাপন।
(৩) কমিটি আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ২০১৯-২০ অর্থ বছরের Annual Procurement Plan প্রণয়ন পূর্বক চেয়ারম্যান বিসিআইসি বরাবর পেশ করবেন।

২.০ <u>কমিটির কার্যক্রম:</u>

২.১ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর ২০১৯-২০২০ অর্থ বছরের Annual Procurement Plan 2019-20 (APP 2019-20) প্রণয়নের জন্য গত ০৭-০৮-২০১৯খ্রি. ও ০৮-০৮-২০১৯খ্রি. তারিখে কমিটির আহ্বায়ক পরিচালক (কারিগরি ও প্রকৌশল) বিসিআইসি মহোদয়ের সভাপতিত্বে দুটি সভা অনুষ্ঠিত হয়। সভায় এসএফসিএল কর্তৃক প্রণীত খসড়া ২০১৯-২০ অর্থ বছরের Annual Procurement Plan 2019-20 (APP 2019-20) এর উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় মালামালের প্রাক্কলিত ব্যয় নিরূপনের ভিত্তি সহ ক্রয় পরিকল্পনা কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

২.২ কমিটির সদস্যবৃন্দ ২৩-০৮-২০১৯খ্রি. তারিখে সরজমিনে এসএফসিএল কারখানা পরিদর্শন করেন এবং কারখানার বর্তমান কারিগরি সমস্যা/ক্রুটি সমূহ সর্ম্পকে অবহিত হন। কারখানার বিভিন্ন প্ল্যান্ট / সেকশান এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে বিস্তারিত আলাপ আলোচনা করে প্ল্যান্ট/সেকশান ভিত্তিক কারিগরি সমস্যার তালিকা সংগ্রহ করেন।

২.৩ ২৩-০৮-২০১৯খ্রি. তারিখে এসএফসিএল এর উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখার লক্ষ্যে সুষ্ঠুভাবে মেরামত কাজ সম্পাদনের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ মালামাল ইত্যাদি ক্রয় করার উদ্দেশ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা-২০১৯-২০ (APP-2019-20) প্রণয়নের নিমিত্তে এসএফসিএল এ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারখানার বর্তমান কারিগরি সমস্যা/ক্রুটি সমূহের উপর বিস্তারিত আলোচনা, যাচাই-বাছাই পূর্বক এসএফসিএল এর উৎপাদন প্রক্রিয়া সুষ্ঠুভাবে অব্যাহত রাখার উদ্দেশ্যে কারখানার বর্তমান কারিগরি অবস্থা বিবেচনায় নিয়ে ২০১৯-২০ অর্থ বছরে ক্রয়ের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ইকুইপমেন্ট/ইন্সট্রুমেন্ট ইত্যাদির তালিকা মূল্যসহ পিপিএ-২০০৬ (PPA-2006) ও পিপিআর-২০০৮ (PPR-2008) অনুসরণ করে বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০১৯-২০ (APP-2019-20) প্রস্তুত করা হয় এবং উক্ত বার্ষিক ক্রয় পরিকল্পনাতে **মূলধনী ব্যয় : টাকা ২৯১০৫.২৫ লক্ষ** এবং রাজস্ব ব্যয়: **টাকা ৫৪০২৭.১৩ লক্ষ সহ মোট: ৮৩১৩২.৩৮ লক্ষ টাকা ব্যয় ধরা হয়। প্রণীত ২০১৯-২০ অর্থ বছরের** বার্ষিক ক্রয় পরিকল্পনা এর উপর গত ২৯-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত এসএফসিএল এর ৩৬তম কোম্পানী বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

> "প্রনীত ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP 2019-20) এর মূলধনী ও রাজস্ব ব্যয় আরোও যাচাই বাছাই পূর্বক মূলধনী ও রাজস্ব ব্যয় যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতঃ ২০১৯-২০ অর্থ বছরে প্রয়োজনীয় ও বাস্তবায়নযোগ্য ব্যয় প্রাক্কলন পূর্বক ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP 2019-20) সংশোধন/পুর্নগঠন করে বিসিআইসি বোর্ডের অনুমোদনের নিমিত্তে কোম্পানী বোর্ড কর্তৃক বিসিআইসি বোর্ডে অগ্রবর্তী করা হলো।"

২.৪ এসএফসিএল এর ৩৬তম কোম্পানী বোর্ড সভার উক্ত সিদ্ধান্ত আনুযায়ী কমিটির সদস্যবৃন্দ ২০১৯-২০ অর্থ বছরের জন্য প্রণীত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রতিবেদনটি গত ২৯-০৮-২০১৯ তারিখে পুনরায় যাচাই-বাছাই ও বিস্তারিত আলোচনা পূর্বক ২০১৯-২০ অর্থ বছরের প্রয়োজনীয় ও উক্ত অর্থ বছরের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে সেইসব যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ইকুইপমেন্ট/ইন্সট্রুমেন্ট ইত্যাদির তালিকা যৌক্তিক পর্যায়ে নির্ধারণ এবং ব্যয় প্রাক্কলন করেন। কমিটির সদস্যবৃন্দ পুনরায় যাচাই-বাছাই ও বিস্তারিত আলোচনা পূর্বক ২০১৯-২০ অর্থ বছরের উৎপাদন লক্ষ্যমাত্রা যৌক্তিক পর্যায়ে নির্ধারন এবং তার ভিত্তিতে রাজস্ব ব্যয় প্রাক্কলন করেন। এসএফসিএল এর উৎপাদন প্রক্রিয়া সুষ্ঠুভাবে অব্যাহত রাখার উদ্দেশ্যে কারখানার বর্তমান কারিগরি অবস্থা বিবেচনায় নিয়ে ২০১৯-২০ অর্থ বছরে ক্রয়ের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ইকুইপমেন্ট/ইন্সট্রুমেন্ট ইত্যাদির তালিকা মূল্যসহ পিপিএ-২০০৬ (PPA-2006) ও পিপিআর-২০০৮ (PPR-2008) অনুসরণ করে বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০১৯-২০ (APP-2019-20) প্রস্তুত করা হয়। এসএফসিএল এর বার্ষিক ক্রয় পরিকল্পনা-২০১৯-২০ (APP-2019-20) এ অর্ন্তভূক্ত যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ইকুইপমেন্ট/ইন্সট্রুমেন্ট ইত্যাদির তালিকা মূল্যসহ **সংযুক্তি-২** তে প্রদত্ত হলো।